JAN 03 2001

# ব্রিটেনে ৭৫ লাখ লোক নিরক্ষর

**নিজস্ব প্রতিনিধি, লণ্ডন থেকে** ॥ নিরক্ষর মানুষ যারা বয়স্ক শিক্ষা কর্মসূচীতে অংশ নেবেন না তাঁদের বেনিফিট বন্ধের চিন্তাভাবনা করছে লেবার সরকার। যারা জব সিকার্স এলাউন্স নিচ্ছেন আর উপযুক্ত শিক্ষার অভাবে চাকরি নিতে পারছেন না তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্যই এই উদ্যোগ। প্রায় ৭৫ লাখ প্রাপ্তবয়স্ক মানুষ ব্রিটেনে পড়তে, লিখতে এবং হিসাব করতে পারে না। অথচ স্কুলগামী ১১ বছরের ছেলেমেয়ের কাছ থেকে এই দক্ষতা প্রত্যাশা করা হয়। প্রতি পাঁচজনের মধ্যে একজনের টেলিফোন ডিরেক্টরি 'ইয়েলো পেজ' পড়ার মতো ক্ষমতা নেই। প্রতি চারজনের মধ্যে একজনের ২ পাউন্ড থেকে ১ দশমিক ৩৫ পেনী বাদ দিলে কত থাকে এই হিসাবটুকু করার দক্ষতা নেই। ডিপার্টমেন্ট ফর এডুকেশন এ্যান্ড এমপ্লয়মেন্টের লক্ষ্য হলো দু'বছরের মধ্যে অশিক্ষিতদের সংখ্যা ৭৫ লাখ থেকে কমিয়ে ৫০ লাখে নিয়ে আসা।